৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০৭

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪৩১
২৭ ফেব্রুয়ারি, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কীম বিষয়ে আলোচনা সংক্রান্ত
<u>সভার কার্যবিবরণী প্রসঙ্গে।</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ নভেম্বর, ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৩৫ নম্বর প্রজ্ঞাপনের বিষয়ে এ বিভাগ কর্তৃক জারীকৃত ০৬ নভেম্বর, ২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-১৩/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত প্রজ্ঞাপনের মাধ্যমে জাতীয় সঞ্চয় স্কীম-এর সংশোধিত নীতিমালা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছিল।

০৩। এক্ষণে, উক্ত বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক আয়োজিত ০৫ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের সভার কার্যবিবরণীটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
20 FEB 2025
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No-......694.........

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

জাতীয় সঞ্চয় স্কিম বিষয়ে আলোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	রোকসানা খাঁন যুগ্ম সচিব
সভার তারিখ	০৫-০২-২০২৫
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় সঞ্চয় স্কিমের অধীনে ম্যানুয়াল পদ্ধতিতে ক্রয়কৃত বন্ডসমূহ জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম এর আওতায় নিয়ে আসার লক্ষ্যে এ সম্পর্কিত চ্যালেঞ্জ সনাক্তকরণ ও চ্যালেঞ্জ মোকাবিলার উপায় নিরূপণের উদ্দেশ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে।

ম্যানুয়াল পদ্ধতিতে ক্রয়কৃত বন্ডসমূহ কোন পদ্ধতিতে জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম এর আওতাভুক্ত করা যায় সে বিষয়ে সভাপতি উপস্থিত সদস্যদের অভিমত জানতে চান। এ প্রেক্ষাপটে, সভায় উপস্থিত সদস্যগণ জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত- ১: ম্যানুয়ালি ইস্যুকৃত ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড চলমান মেয়াদ পর্যন্ত ম্যানুয়ালি পুনঃবিনিয়োগ করা যাবে। তবে, ম্যানুয়ালি ইস্যুকৃত ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর চলমান মেয়াদপূর্তির পর বা ক্রেতা কর্তৃক মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে সকল ম্যানুয়াল বন্ড পুনঃবিনিয়োগের সময় আবশ্যিকভাবে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এ অন্তর্ভুক্ত হবে। তবে উভয় ক্ষেত্রেই, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ নভেম্বর ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০-৩৫ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লেখিত "ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১ (এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ২ (দুই) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে: এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১ (এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ৪ (চার) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে" শর্তটি প্রতিপালন করতে হবে।

সিদ্ধান্ত- ২: অনলাইনে পুনঃবিনিয়োগের লক্ষ্যে ক্রেতার জন্য একটি Client Interface তৈরী করতে হবে। ক্রেতা যেসব তথ্য পূর্বে হার্ডকপিতে প্রদান করতেন, অনলাইনে পুনঃবিনিয়োগের সময় Client Interface এর মাধ্যমে নিজে তথ্য প্রদান করবেন এবং বিনিয়োগ সংশ্লিষ্ট চাহিত কাগজপত্র সিস্টেমে আপলোড করবেন। ক্রেতা তাঁর প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে মূল বন্ডটি ইস্যুকারী অফিসে প্রেরণ করলে বা নিজে এসে জমা প্রদান করলে, সংশ্লিষ্ট ইস্যুকারী অফিস সকল কাগজপত্র সিস্টেম থেকে যাচাই করে পুনঃবিনিয়োগ সুবিধা চালু করবে। মেসেজের মাধ্যমে সম্মতি প্রদান সাপেক্ষে পুনঃবিনিয়োগ করা যাবে। এ লক্ষ্যে, বিনিয়োগকারীদের জন্য Client Interface এবং স্বয়ংক্রিয় মেসেজ প্রদান সুবিধা যথাশীঘ্র চালু করতে হবে।

সিদ্ধান্ত-৩: সেবা সহজীকরণের জন্য ক্রেতা কর্তৃক ডায়াসপোরা ফর্ম এবং DB-1/DIB/DPB ফর্ম এর তথ্য একত্রিত করে একটি ফর্ম প্রস্তুত করতে হবে।

সিদ্ধান্ত-৪: বন্ডে পুনঃবিনিয়োগের ক্ষেত্রে, অনলাইন সিস্টেমে জাতীয় পরিচয়পত্রের (NID) অগ্রাধিকার দেয়া হবে। যদি কোন বিশেষ কারণে কোন ক্রেতা জাতীয় পরিচয়পত্র দাখিল করতে ব্যর্থ হয় তবে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত-৫: বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণকারীগণ প্রেরিত রেমিট্যান্স এর উপর ২.৫% নগদ প্রণোদনা পেয়ে থাকেন। তবে, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগের জন্য বিনিয়োগকারীদের নগদ প্রণোদনার অর্থ ফেরত প্রদান করতে হয়। ফেরত প্রদানের প্রক্রিয়াটি অত্যন্ত জটিলতাপূর্ণ। তাই,

রেমিট্যান্স এর অবাধ/মসৃণ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে নগদ প্রণোদনা ফেরত প্রদানের প্রক্রিয়াটি সম্ভব হলে অটোমেশনের মাধ্যমে সহজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিবেচ্য সংযুক্তি: পরিশিষ্ট-'ক'

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট-'ক'

১৭-০২-২০২৫
রোকসানা খাঁন
যুগ্ম সচিব

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.২৮

তারিখ: ৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
২। জনাব মোঃ ফিরোজ খান, প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কোঅর্ডিনেটর (উপসচিব), পিএফএম রিফর্মস লিডারসিপ, কোঅর্ডিনেশন অ্যান্ড মনিটরিং স্কিম।
৩। ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, সোনালী ব্যাংক পিএলসি।
৪। ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, জনতা ব্যাংক পিএলসি।
৫। ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা, অগ্রণী ব্যাংক পিএলসি।
৬। জনাব মোঃ সাদিকুর রহমান খান, পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৮। জনাব মো: এনায়েত হোসেন, উপপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৯। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, সিনিয়র পরামর্শক, ডেট ম্যানেজমেন্ট স্কিম, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনাব মোঃ হাফিজুল ইসলাম, সিনিয়র আইটি পরামর্শক, ডেট ম্যানেজমেন্ট স্কিম, স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

১৯-০২-২০২৫
মকিমা বেগম
উপসচিব